



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৮ এপ্রিল, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৮ এপ্রিল, ২০১৯ তারিখ সকাল ১০টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিডিকেট সভাকক্ষে মশাবাহিত রোগ- ডেঙ্গু, চিকনগুনিয়া, ফাইলেরিয়া ও ম্যালিরিয়া বিষয়ে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাবিপ্রবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এবং বিশেষ অতিথি ছিলেন জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের প্রাণীবিদ্যা বিভাগের শিক্ষক প্রফেসর ড. কবিরুল বাশার।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, মশাবাহিত রোগ প্রতিরোধের জন্য আমাদের সচেতন হতে হবে। আমরা যদি আমাদের চারপাশ পরিষ্কার রাখি, তাহলে আমরা ডেঙ্গু, চিকনগুনিয়া, ফাইলেরিয়া ও ম্যালিরিয়ার মতো অনেক রোগ থেকে নিজেদের রক্ষা করতে পারব। তিনি সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজক প্রতিষ্ঠান-এসিআই লিমিটেড, জনসন এবং স্যামস-৯২-কে সুন্দর উদ্যোগের জন্য ধন্যবাদ জানান।

বিশেষ অতিথির বক্তব্যে প্রফেসর ড. কবিরুল বাশার বলেন, একা কারো পক্ষে মশা বা মশাবাহিত রোগ নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। এজন্য সমাজের প্রতিটি সদস্যকে ভূমিকা রাখতে হবে। আমরা সবাই মিলে চেষ্টা করলে ষাটভাগ মশার প্রকোপ কমে যাবে।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক প্রফেসর মো. আনোয়ার হোসেন, শাহপরাণ হলের প্রভোস্ট প্রফেসর ড. মিজানুর রহমান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, প্রথম ছাত্রী হলের প্রভোস্ট প্রফেসর আমিনা পারভীন, সিরাজুল্লাহা চৌধুরী হলের প্রভোস্ট শরীফা ইয়াসমীন, সৈয়দ মুজতবা আলী হলের প্রভোস্ট ড. আসিফ ইকবাল, রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন, হিসাব দপ্তরের পরিচালক আ.ন. ম. জয়নাল আবেদীন প্রমুখ উপস্থিত ছিলেন।

ডেপুটি রেজিস্ট্রার